



ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
মতিঝিল, ঢাকা-১০০০

বিজ্ঞপ্তি নং -৬৯/২০১৭

তারিখ : ২৫/০২/১৪২৪ বঙ্গাব্দ  
০৮/০৬/২০১৭ খ্রিস্টাব্দ

সোনালী ব্যাংক লিমিটেড এ 'এসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (সিভিল, মেকানিক্যাল, আর্কিটেক্ট, ইলেক্ট্রিক্যাল ও টেক্সটাইল)  
পদে নিয়োগের উদ্দেশ্যে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের আবেদনের সমর্থনে দলিলাদি প্রেরণ প্রসঙ্গে।

সোনালী ব্যাংক লিমিটেড এ 'এসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (সিভিল, মেকানিক্যাল, আর্কিটেক্ট, ইলেক্ট্রিক্যাল ও টেক্সটাইল) পদে সরাসরি নিয়োগের উদ্দেশ্যে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ নিম্নোক্ত ছকে উল্লিখিত রোল নম্বরধারী প্রার্থীগণকে তাদের অনলাইন আবেদনের প্রেক্ষিতে নিয়োগ বিজ্ঞপ্তির শর্তাদি এবং আবেদনে উল্লিখিত তথ্যাদির সমর্থনে নিম্নবর্ণিত দলিলাদি আগামী ২২/০৬/২০১৭ তারিখের মধ্যে মহাব্যবস্থাপক ও সদস্য-সচিব, ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর বরাবরে নিজ স্বাক্ষরসহ স্বহস্তে লিখিত আবেদনপত্র ডাকযোগে বা হাতে হাতে দাখিলের জন্য অনুরোধ জানানো যাচ্ছে :

- সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্র, মার্কশিট/Transcript এর সত্যায়িত ফটোকপি; 'O' Level/'A' Level উত্তীর্ণদের ক্ষেত্রে দেশীয় সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট এবং বিদেশী বিশ্ববিদ্যালয় হতে ডিগ্রী প্রাপ্তদের ক্ষেত্রে দেশীয় সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate) এর সত্যায়িত ফটোকপি (শ্রেণি/বিভাগ/জিপিএ/সিজিপিএ উল্লেখসহ);
- সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩(তিন) কপি সত্যায়িত রঙিন ছবি, লিখিত পরীক্ষার প্রবেশপত্রের সত্যায়িত ফটোকপি এবং অনলাইন আবেদনের হার্ডকপি;
- যে সকল সনদপত্র, মার্কশিট/ট্রান্সক্রিপ্ট এ পরীক্ষার ফল প্রকাশের তারিখ উল্লেখ নেই, সে সকল পরীক্ষার ফল প্রকাশের তারিখ উল্লেখসহ পরীক্ষা নিয়ন্ত্রক/রেজিস্ট্রার এর কার্যালয় হতে ইস্যুকৃত সনদপত্রের সত্যায়িত ফটোকপি;
- আবেদনে উল্লিখিত স্থায়ী ঠিকানার সমর্থনে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত জাতীয়তা সনদপত্রের সত্যায়িত ফটোকপি;
- জাতীয় পরিচয়পত্র/স্মার্ট কার্ড/জন্ম নিবন্ধন সনদপত্রের সত্যায়িত ফটোকপি;
- মুক্তিযোদ্ধা কোটাভুক্ত প্রার্থীদেরকে নিম্নোক্ত ছক অনুযায়ী তথ্যাদি এবং এর সমর্থনে প্রমাণক দলিলাদির কপি অবশ্যই দাখিল করতে হবে :

মুক্তিযোদ্ধার নাম	মুক্তিযোদ্ধার পিতার নাম	মুক্তিযোদ্ধার স্থায়ী ঠিকানা	মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্র, জন্ম তারিখ, জন্ম সনদ, মৃত মুক্তিযোদ্ধার ক্ষেত্রে মৃত্যু সনদ	মুক্তিবর্তা নম্বর	গেজেট নম্বর ও তারিখ	মন্ত্রণালয়ের সনদ নম্বর, তারিখ ও স্মারক নম্বর	বায়ুস সনদ নম্বর ও তারিখ	মুক্তিযোদ্ধার নাতি নাতনীর দাবী করার ক্ষেত্রে প্রার্থীর জাতীয় পরিচয়পত্র, পিতা মাতার জাতীয় পরিচয়পত্র	মুক্তিযোদ্ধার উত্তোরাদিকারী সনদপত্র, পোষ্যদের ক্ষেত্রে প্রার্থীর পিতা বা মাতার জাতীয় পরিচয়পত্র	মন্তব্য/ভারতীয় তালিকায় যদি থাকে নম্বর ও কপি
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১

- উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ হতে উপজাতি হিসেবে প্রদত্ত সনদপত্রের সত্যায়িত ফটোকপি এবং
- প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট অধিদপ্তর হতে প্রতিবন্ধিতার স্বপক্ষে প্রদত্ত সনদপত্রের সত্যায়িত ফটোকপি।

বিঃ দ্রঃ চাকুরীরত প্রার্থীদেরকে তাদের স্ব-স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে উপরোক্ত দলিলাদি প্রেরণ করতে হবে। আবেদনপত্র ও সকল কাগজপত্র A4 সাইজের কাগজে হতে হবে। খামের উপরে পদের নাম ও সকল কাগজপত্রের উপর Tracking Number ও রোল নম্বর লিখতে হবে।

লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণের রোল নম্বর :

পদের নাম	রোল নম্বর
এসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (সিভিল)	২০৬৯, ২৫০৫, ২৬৫৪, ৩৫৪৫, ৩৬৯০, ৩৭১৩= ০৬(ছয়) জন।
এসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (মেকানিক্যাল)	১১৫৭, ১৪২৩, ১৬১৯, ১৮০৫= ০৪(চার) জন।
এসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (আর্কিটেক্ট)	০০০৪, ০০২৮, ০০৪৪, ০০৪৮, ০০৫০, ০০৬৯, ০০৭১= ০৭(সাত) জন।
এসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল)	০৪১৪, ১৪৮৪, ১৭৫৪, ১৯২২= ০৪(চার) জন।
এসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (টেক্সটাইল)	২০০১, ২০৮৭, ২১০৬, ২৩৭৪, ২৪৯৪, ২৫৮৬, ৩৪৭২= ০৭(সাত) জন।

স্বাক্ষরিত/=  
(মোঃ মোশাররফ হোসেন খান)  
মহাব্যবস্থাপক, বিএসসিএস  
ও  
সদস্য-সচিব, বিএসসি